

অগাস্টা ওয়েস্টল্যান্ড নিয়ে রাজ্যসভায় প্রতিরক্ষামন্ত্রীর বিবৃতি

অরুণ জেটলি,রাজ্যসভার বিরোধী দলনেতা

২০১৪ র ৫ই ফেব্রুয়ারি, রাজ্যসভায় স্বতঃপ্রনোদিত বিবৃতি দিলেন প্রতিরক্ষামন্ত্রী এ কে অ্যান্টনি। ইতালির আদালতে পেশ করা তথ্য যেগুলি সমপ্রতি সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে সেই সূত্রেই এই বিবৃতি। প্রতিরক্ষামন্ত্রী জানিয়েছেন শ্রী গুইদো হাসকের কাছ থেকে দুটো গুরুত্বপূর্ণ তথ্যাবলী সিজ করা হয়েছে। তাঁর বিশ্বাস যে "এফএএম" শব্দবন্ধনী ব্যবহার করা হয়েছে তাতে ত্যাগীর পরিবার কে বোঝানো হয়েছে। কিন্তু তিনি জানাননি "এপি" শব্দের দ্বারা কাকে বোঝানো হয়েছে। তিনি আরও জানান, খ্রিস্টিয়ান মিশেলের অন্য তথ্যে ভারতের আরও কয়েকজন নেতার নাম আছে।

এরপরেও কিন্তু মন্ত্রীর কাছ থেকে ব্যাখ্যা চাওয়া যায়। আমার সন্দেহ নিরসনের জন্য প্রতিরক্ষা মন্ত্রীর কাছে বিষয়টি নিয়ে আরও স্বচ্ছ বক্তব্য চাই আমি।

২০০৮ এর ১৫ই মার্চ ইতালীয় মধ্যস্থতাকারীর কাছ থেকে যে তথ্য উদ্ধার করা হয় তাতে ভারতের সঙ্গে তার বোঝাপড়া স্পষ্ট। বলা হয়েছে, " বিশিষ্টদের পিছনে শ্রীমতি গান্ধীই চালিকাশক্তি। এমওয়ান ৮ এ তিনি আর চড়বেননা। " শ্রীমতি গান্ধীর আস্থাভাজন একাধিক মন্ত্রী ও দলীয় নেতার নাম রয়েছে এই তালিকায়।

যে অ্যাকাউন্ট শিট সিজ করা হয়েছিল সেখানে "পলিটিকাল" টাইটেলে "এপি" র উল্লেখ রয়েছে। পরেরটা "এফএএম" যেটা এখন বলা হচ্ছে "ফ্যামিলি"।

ডিলে এটা স্পষ্ট যে ঘুষ দেওয়া হয়েছিল এবং এতে ভারতীয় কাঠামোকে ধ্বংস করা হয়েছিল। তাই চুক্তি বাতিল হয়েছে। এই নোট আমাদের ১৯৮৭ সালের কথা মনে করিয়ে দিচ্ছে যখন সুইডেনে মার্টিন আরবোর ডায়েরি সিজ করা হয়েছিল যেখানে "কিউ" শব্দটার উল্লেখ ছিল। পরবর্তীতে এটা পরিষ্কার হয় যে এই "কিউ" কে ? "ফ্যামিলি" বলে উল্লেখ কি মধ্যস্থতাকারীদের কাছে একটু অস্বাভাবিক নয়?

যখন স্বাভাবিক নিয়মেই কোনও শব্দের মানে বোঝা যাচ্ছে তখন "ফ্যামিলি" শব্দটাকেই বা কেন আবার আলাদা করে ব্যাখ্যা করা হচ্ছে ?
